

তারিখ: 30/11/2016

আরবিআই ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, লক্ষ্ণৌ-এর উদ্দেশ্যে জারিকৃত বিশেষ নিয়ন্ত্রণবিধিতে পরিমার্জন করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক ঘোষণা করেছে যে তার অক্টোবর 19, 2015 তারিখাঙ্কিত আদেশবিধির আংশিক পরিমার্জন করে দ্রষ্টব্য নভেম্বর 25, 2016 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, লক্ষ্ণৌ-এর উপর লাগু বিশেষ নিয়ন্ত্রণবিধিতে পরিমার্জন করা হল। শুরুতে উক্ত ব্যাঙ্কটিকে জুন 04, 2014 তারিখাঙ্কিত দ্রষ্টব্য বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল যা জুন 12, 2014 থেকে কার্যকরীরূপে প্রযোজ্য হয়েছিল।

আমানতকারী দ্বারা জমাকৃত আমানতরাশির থেকে অনধিক 70% (সত্তর শতাংশ) পর্যন্ত সর্বাপেক্ষা ₹ 15,00,000/- (পনের লক্ষ টাকা মাত্র) রাশির সাপেক্ষে কোনও রাশি যা ₹ 1,00,000/- (এক লক্ষ টাকা মাত্র) - এর অধিক এবং উপরে তা প্রতিটি সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা কারেন্ট অ্যাকাউন্ট বা মেয়াদী আমানত অ্যাকাউন্ট অথবা অন্য যেকোনও আমানত অ্যাকাউন্ট তাকে যেনামেই ডাকা হোক- তার থেকে যেভাবে ইতোমধ্যে বিশেষ নিয়ন্ত্রণবিধি আরোপ হওয়ার পর থেকে প্রত্যাহারের জন্য অনুমতিপ্রাপ্ত হত, অক্টোবর 19, 2015 তারিখাঙ্কিত উক্ত আদেশবিধি অনুযায়ী অন্যান্য শর্তাবলীর পাশাপাশি সেভাবে প্রত্যাহারের জন্য অনুমতিপ্রাপ্ত হয়েছিল। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এই অবস্থানটির পর্যালোচনা করেছে এবং প্রাপ্ত আদেশবিধি জনস্বার্থে পরিমার্জন করার প্রয়োজন বোধ করেছে।

তদনুসারে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949-এর ধারা 56 তথা তৎসহ পঠিত ধারা 35A-র উপধারা (1) ও (2)-র অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে এতদ্বারা নির্দেশ দেয় যে বিশেষ নিয়ন্ত্রণবিধি যা ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর উদ্দেশ্যে অক্টোবর 19, 2015 তারিখে জারিকৃত হয়েছিল তার অনুচ্ছেদ 3 নিম্নরূপে পরিমার্জন করা হল:

“আমানতকারী দ্বারা জমাকৃত আমানতরাশির থেকে অনধিক 70% (সত্তর শতাংশ) পর্যন্ত কোনও রাশি যা ₹ 1,00,000/- (এক লক্ষ টাকা মাত্র)-এর অধিক এবং উপরে তা প্রতিটি সেভিংস ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা কারেন্ট অ্যাকাউন্ট বা মেয়াদী আমানত অ্যাকাউন্ট অথবা অন্য যেকোনও আমানত অ্যাকাউন্ট তাকে যেনামেই ডাকা হোক- তার থেকে যেভাবে ইতোমধ্যে বিশেষ নিয়ন্ত্রণবিধি আরোপ হওয়ার পর থেকে প্রত্যাহারের জন্য অনুমতিপ্রাপ্ত হত, কোনও আমানতকারী কর্তৃক সেভাবে প্রত্যাহারের জন্য অনুমতিপ্রাপ্ত হবে, তবে শর্ত এই যে যেক্ষেত্রে ঐ ব্যাঙ্কের কাছে ঐ আমানতকারীর কোনও প্রকার দায় রয়েছে, অর্থাৎ হয় ঋণগ্রহীতা অথবা জামিন হিসাবে যার মধ্যে ব্যাঙ্ক আমানতের ভিত্তিতে গৃহিত ঋণ অন্তর্ভুক্ত, সেক্ষেত্রে রাশিটি থেকে প্রথমে সংশ্লিষ্ট ঋণ অ্যাকাউন্ট/গুলিতে (বরোয়াল অ্যাকাউন্ট) দেয়রাশি জমা (অ্যাডজাস্ট) করে নিতে হবে”।

ইন্ডিয়ান মার্কেটাইল কো-অপারেটিভ ব্যাঙ্ক, লক্ষ্ণৌ-এর উদ্দেশ্যে জারিকৃত জুন 4, 2014 তারিখাঙ্কিত আদেশবিধির অন্তর্গত অন্যান্য সকল বিধিনিষেধ, শর্তাদি এবং বিধানসমূহ অপরিবর্তিত থাকবে এবং পর্যালোচনার সাপেক্ষে মার্চ 11, 2017 কাজশেষ পর্যন্ত বৈধভাবে বিদ্যমান থাকবে।

অনুরাধা ডি যাদব

সহকারী প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2016-2017/1372